

আলো-স্বপ্ন কালো

এত কালো, এত কালো যদি পৃথিবীর বুকে ভাসে,  
তবু এত আলো, এত আলো কোথা থেকে আসে ?  
এত স্বপ্ন যদি ঘুমের ছায়ায় আসে  
এত তারা যদি আকাশের গায়ে ভাসে,  
এত সুর যদি কর্ণেতে ফিরে আসে,  
এত প্রজাপতি যদি ফুলের কথায় হাসে,  
এত রঙ, এত রঙ যদি পৃথিবীর বুকে ভাসে,  
তবু এত কালো, এত কালো কোথা থেকে আসে ?  
যদি দখিনা বাতাস চুপিচুপি খেমে যায়,  
যদি শিশিরের ফোঁটা মাটির বুকেতে মিশে যায়,  
যদি দিক্‌হারা বক ক্লান্ত পাখায় ফিরে যায়,  
যদি এত সুর তার স্বরলিপি ভুলে যায়,  
যদি এত তারা জ্বলে জ্বলে নিবে যায় ;  
এত কালো, এত কালো যদি পৃথিবীতে ছেয়ে যায়,  
তবু এত আলো, এত আলো কোথা থেকে আসে ?

এত কথা যদি মনের গোপনে পায় স্থান,  
এত ভালোবাসা যদি ভেঙে দেয় অভিমান,  
এত অপমান যদি পায় তার প্রতিদান,  
এত অশ্রুতে যদি দু-চোখেতে ডাকে বান  
যদি এত পাখি ভুলে যায় কুহতান,  
যদি শিশুর স্বপ্নে জেগে ওঠে শয়তান  
যদি এত ব্যথা, এত ব্যথা পৃথিবীতে ছেয়ে যায়,  
তবু এত আলো, এত আলো কোথা থেকে আসে !

গৌতম মুখোপাধ্যায়

ঘুঘুর ভিটে

এখানে পৃথিবী এখনো অসমান  
এখানে জন্মলগ্ন আজও গোত্রহীন।  
এখানে ভিটেতে ঘুঘুর কোলাহল  
এখানে ল্যাম্পপোস্ট, প্রতীক্ষার দিন।

এখনো কুম্ভের আবৃত এখানে  
এখনো ভীষ্ম, কর্ণ, দ্রোণ—এখানে,  
এখনো কুপিতা দেখেনি দিনের আলো  
এখনো আজুর্নীর মৃত্যু এখানে।

এখানে বাড়ের এককে এক দীর্ঘাস  
এখানে সাগর শুধু অশান্ত বিক্ষোভ,  
এখানে গান্ধী, ছিলা ছেঁড়া অক্ষম  
এখানে পাঞ্চজন্য গান্ধারীর রোদন।

এখনো কৌরবী বিধবা এখানে  
এখনো লাঙলে ওঠে কৌরবের হাড়,  
এখনো যুদ্ধ জেতেনি পান্ডব  
এখনো চত্রবৃহৎ রচিত এখানে।

এখনো রাজা আসে, এখনো রাজা যায়  
চোখেতে বাঁধা থাকে এখনো কাপড়,  
এখনো প্রতিবাদী এখানে যৌবন  
এখনো মোড়ে মোড়ে শহীদের বেদী।

এখানে ট্রেনে বাসে এখনো ফুটপাতে  
এখনো পিতামহ এখনো শরাহত,  
এখনো পাশার চালে শকুনি এখনো  
এখনো পার্থ আজ সারথি বিহীন।  
এখনো বলরাম এখনো ধরে হাল  
এখনো যদুকুল এখনো উদ্ধত,  
এখনো দ্রৌপদী আজও বস্ত্রহীন  
এখনো রথের চাকা মাটিতে প্রোথিত।।

গৌতম মুখোপাধ্যায়